Alpha
Islami Life Insurance Ltd
ألفا إسلامي لائف إنسيورنس ليميتد
Practicing Shariah Principles

**Alpha Islami Life Insurance Limited**
Head Office : AJ Tower (Level 8, 9 & 11) Plot # 4, Sonargaon Link Road
Karwan Bazar, Dhaka-1215. +880255013304-6, 09612400200
www.alphalife.com.bd, E-mail:info@alphalife.com.bd

সূত্র নং- আলফালাইফ/ হেড অফিস/ গ্রুপবীমা/০০১/২৩ তারিখঃ ০৪/০৬/২০২৩ ইং

# গ্রুপ স্বাস্থ্য বীমা বিভাগ

**বিষয়ঃ গ্রুপ স্বাস্থ্য বীমা দাবী উপস্থাপনের জন্য যে সমস্ত কাগজপত্রাদি প্রয়োজন।**

নিম্নলিখিত কাগজ পত্রাদি সহ কোম্পানির কাছে নির্ধারিত বেনিফিট সীমা পর্যন্ত হাসপাতালে চিকিৎসার জন্য প্রকৃত ব্যয়ের হিসাবসহ কোম্পানীর "**ক্লেম ফর্ম**- এর মাধ্যমে খরচের দাবি উপস্থাপন করতে হবে। অন্যথায় কোম্পানী বিল পরিশোধ করবে না।

১। আপনি যদি অসুস্থ্য হয়ে ডাক্তারে পরামর্শক্রমে হাসপাতালে ভর্তি হন, তাহলে স্বাস্থ্য বীমা দাবী উপস্থাপন করিতে পারিবেন। তবে সেক্ষেত্রে কমপক্ষে ৪৮ ঘন্টা হাসপাতালে অবস্থান করতে হবে।

২। হাসপাতালে ভর্তির জন্য ডাক্তার কর্তৃক পরামর্শ পত্র বিলের সাথে দাখিল করতে হবে।

৩। হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর- ডিসচার্জ/ ছাড়পত্র সার্টিফিকেট এবং হাসপাতাল কর্তৃক (ডিসচার্জ কম্পিউটর রাইজড) বিল প্রদান করতে হবে। হাতে লেখা বিল গ্রহন যোগ্য নয়।

৪। হাসপাতাল থেকে ছাড়া পাওয়ার পর- সকল প্রকার খরচের রসিদ, পরামর্শকের বিল (চিকিৎসক/সার্জন) ফি (অরিজিনাল কপি) এবং হাসপাতালে থাকাকালীন বিলের সামারীসহ প্রদান করতে হবে।

৫। হাসপাতালে ভর্তি থাকাকালীন রুম/সিট ভাড়া এবং অন্যান্য পরিষেবা সংক্রান্ত বিল যেখানে প্রযোজ্য হয়েছিল।

৬। হাসপাতালে ভর্তি থাকাকালীন ঔষধ/ ঔষধের বিস্তারিত বিবরনসমূহ যা ডাক্তার/ হাসপাতাল কর্তৃক প্রদত্ত (অরিজিনাল কপি) বিল প্রদান করতে হবে।

৭। সার্জিক্যাল অপারেশন চার্জ সংক্রান্ত বিল যেমন (অপারেশন থিয়েটার, সার্জিক্যাল টিম, অ্যানেস্থেশিয়া এবং অন্যান্য চার্জ), যেখানে যা প্রয়োজ্য তা উল্লেখ করতে হবে।

৮। আনুষঙ্গিক চার্জ সম্পর্কিত বিল (যেমন অ্যাম্বুলেন্স পরিষেবা, অক্সিজেন থেরাপি, রক্ত সঞ্চালন ইত্যাদি) জরুরী/ প্রযোজনীয় ক্ষেত্রে প্রয়োজ্য।

৯। কোম্পানি সমস্ত প্রাসঙ্গিক নথি প্রাপ্তির তারিখ থেকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দাবি নিষ্পত্তি করবে।

১০। কোম্পানী যেখানে প্রয়োজন মনে করবে, সদস্য যেখান থেকে চিকিৎসা গ্রহন করেছেন বা সেবা নিয়েছেন। সেক্ষেত্রে বিভাগের সন্তুষ্টীর জন্য চিকিৎসক/ বিশেষজ্ঞের মতামত চাইয়া হতে পারে।

১১। কোম্পানির যেকোন উৎস থেকে যেকোন তথ্য পাওয়ার অধিকার থাকবে, দাবির ব্যাপারে কোম্পানি যা প্রয়োজনীয় বলে মনে করবে তা চূড়ান্ত সিদ্ধান্ত বলে গন্য হবে।

১২। অ-নির্ধারিত হাসপাতাল/ক্লিনিকে চিকিৎসার ক্ষেত্রে বিভিন্ন হাসপাতালের চার্জের জন্য শুধুমাত্র স্ট্যান্ডার্ড খরচ প্রযোজ্য হইবে।

১৩। যদি এটা প্রমাণিত হয় যে বীমাকৃত ব্যক্তি হাসপাতালের বিলের কারসাজি বা (বিল ওভার রাইটিং) করেছে বা যে কোনো উপায়ে হাসপাতালের বিলের কারসাজি করার চেষ্টা করছে, তা হলে তাহার দাবীকৃত বিলটি বাতিল বলে গণ্য হইবে।

***ধন্যবাদান্তে,***

০৪/০৬/২৩
**মোঃ সাজেদুল ইসলাম**
ভাইস প্রেসিডেন্ট এন্ড ইনচার্জ
গ্রুপ স্বাস্থ্য বীমা বিভাগ

**নুরে আলম সিদ্দিকী অভি**
ব্যবস্থাপনা পরিচালক